

# ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ

পলাশ, নরসিংদী-১৬১১

সূত্র নং : টিআইসিআই/নিয়োগ/৭.৫/ ১৫০৬

তারিখঃ ২৮-০৮-২০১৭ ইং

Name Md. Ashiqur Rahman Shuvo  
Care of Md. Anwarul Hoque  
Village House # Sp-2-1/Ka, Polash  
Urea Fertilizer Factory Ltd.  
P/O Sarkarkhana  
Thana Palash,  
District Narsingdi

Roll No. 10983

বিষয়ঃ শিক্ষানবিশ গ্রেড-২ পদে নিয়োগ।

প্রিয় মহোদয়,

আপনার আবেদন ও পরবর্তী পর্যায়ে অনুষ্ঠিত লিখিত, মৌখিক ও ফিটনেস পরীক্ষার ভিত্তিতে আপনাকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে শিক্ষানবিশ গ্রেড-২ পদে নিয়োগ প্রদান করা হইলঃ

- ০১। আপনার শিক্ষানবিশকাল ন্যূনতম ১২ (বার) মাস বা ততোধিক হইবে যতদিন না কর্তৃপক্ষ তাহার নিজস্ব বিবেচনায় লিখিতভাবে নিশ্চিত না করিবেন যে আপনি নির্ধারিত শিক্ষানবিশ গ্রেড-২ এর মাপকাঠিতে কৃতকার্যতার সহিত শিক্ষানবিশীর মেয়াদ সম্পন্ন করিয়াছেন।
- ০২। শিক্ষানবিশ থাকাকালীন সময় আপনাকে উপস্থিতির ভিত্তিতে প্রতি মাসে নির্ধারিত ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) মাত্র বিসিআইসি নির্ধারিত বৃত্তি হিসাবে প্রদান করা হইবে (সর্বোচ্চ ১২ মাস)।
- ০৩। প্রশিক্ষণ চলাকালে ডেস কোড মানিয়া চলিতে হইবে।
- ০৪। শিক্ষানবিশকালে আপনি প্রশিক্ষণ কর্মসূচী অনুযায়ী প্রশিক্ষণে নিয়োজিত থাকিবেন। এই প্রশিক্ষণের মাধ্যমে বাঞ্ছনীয় ফল লাভ করার উদ্দেশ্যে সাধ্যানুযায়ী প্রচেষ্টা চালাইবেন এবং প্রশিক্ষণ সংক্রান্ত ব্যাপারে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক কায়িক পরিশ্রম করা সহ যাবতীয় নির্দেশাবলী নির্দিষ্টমতে মানিয়া চলিবেন। এতদসংক্রান্ত সকল ব্যাপারে প্রতিষ্ঠানের নিয়ম শৃঙ্খলা কঠোরভাবে মানিয়া চলিবেন।
- ০৫। প্রশিক্ষণকালীন সময়ে আপনার মধ্যে সন্তোষজনক অগ্রগতি পরিলক্ষিত না হইলে অথবা আপনি অসদাচরণের দায়ে অভিযুক্ত হইলে বা নিয়ম শৃঙ্খলা বহির্ভূত কোন কাজে লিপ্ত হইলে কোন রকম কারণ প্রদর্শন ব্যতিরেকেই কর্তৃপক্ষ তাহার একক বিবেচনায় আপনার শিক্ষানবিশীর অবসান ঘটাইতে পারিবেন।
- ০৬। আপনার শিক্ষানবিশীর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর পরীক্ষার মাধ্যমে আপনার মূল্যায়ন সমাপনান্তে সনদপত্র প্রদান পূর্বক আপনাকে অবিলম্বে অব্যাহতি দেওয়া হইবে।
- ০৭। শিক্ষানবিশকালে সর্বক্ষেত্রে আপনার উপস্থিতি আলাদাভাবে ৮৫% হইতে হইবে, এর কম উপস্থিতির কারণে কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ আপনার শিক্ষানবিশী পদ বাতিল করিতে পারিবেন। লিখিত, প্রাকটিক্যাল ও ভাইবা/মৌখিক পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে ৫০% নম্বর পাইতে হইবে। অন্যথায় অনুত্তীর্ণ বলিয়া বিবেচিত হইবে।
- ০৮। সফলতার সহিত শিক্ষানবিশ কাল সমাপ্তির পর বিসিআইসির কোন কারখানা / কারখানা সমূহের শূণ্য পদ থাকা সাপেক্ষে দক্ষ চালক - ২ দক্ষ কারিগর -২ পদে নির্ধারিত স্কেলে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইতে পারিবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপনাকে নতুনভাবে নিয়োগপত্র প্রদান করা হইবে।
- ০৯। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে শূণ্য পদের বিপরীতে দক্ষ চালক-২/দক্ষ কারিগর-২ হিসাবে আপনাকে সম্ভাব্য নিয়োগদানের পর কারখানার প্রয়োজনে শিফট ডিউটিসহ ভারী কাজ ও প্রয়োজনীয় অন্যান্য কাজ করিতে হইবে।
- ১০। শিক্ষানবিশকাল সমাপ্তির পর চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইতে ব্যর্থ হইলে আপনাকে সনদপত্র প্রদান করা হইবে না এবং নিয়োগের জন্য ও সুপারিশ করা হইবে না।
- ১১। শিক্ষানবিশীকালে আপনি কেবল মাত্র সাপ্তাহিক ও উৎসব ছুটি প্রাপ্য হইবেন। শিক্ষানবিশীকালে আর অন্য কোন ছুটি বা সুবিধাদি আপনার জন্য প্রযোজ্য হইবে না।
- ১২। শিক্ষানবিশকালে আপনি কোন শ্রমিক সংগঠনে যোগদান বা উক্ত সংগঠনের কাজে অংশ গ্রহণ করিতে পারিবেন না এবং পোস্টিং বা অন্য যে কোন বিষয়ে কোন ধরনের তদবীর গ্রহনযোগ্য হইবে না। যদি কেউ এ ধরনের শৃঙ্খলা পরিপন্থী কাজে জড়িত বলিয়া প্রমানিত হয় তবে অনতিবিলম্বে তার শিক্ষানবিশ বাতিল করা হইবে।
- ১৩। অন্যান্য সকল ব্যাপারে আপনার শিক্ষানবিশী সংস্থার / প্রতিষ্ঠানের যথোপযুক্ত বিধি/ প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

বিঃদ্রঃ টিআইসিআই হোস্টেলে অবস্থানের জন্য নিজের বিছানা, বালিশ, মশারী ইত্যাদি সংগে আনিতে হইবে।

৩২০

স্বাক্ষর

